

- ১১। ‘রাজ্য না থাকলেও রাজা বলেই মানে’। — গঠনগত দিক থেকে বাক্যটি
- ক) জটিল বাক্য খ) সরল বাক্য
গ) সংযুক্ত বাক্য ঘ) মিশ্র বাক্য
- ১২। বাক্যে মিলিত পদসমষ্টি সংগত অর্থ প্রকাশ করলে এবং বাক্যের অর্থ ও ভাব উপলব্ধির পথে কোনোরকম বাধা না থাকলে তাকে বলে-
- ক) আসক্তি খ) যোগ্যতা
গ) আকাঙ্ক্ষা ঘ) কোনোটিই নয়
- ১৩। যদি, যদিপি ইত্যাদি অব্যয় দিয়ে যে বাক্য গঠিত হয় এবং যাতে নিয়ম, শর্ত, স্বীকৃতি ইত্যাদি অর্থ প্রকাশিত হয় তাকে _____ বলে।
- ক) বিস্ময়বোধক বাক্য খ) অনুজ্ঞাবাচক বাক্য
গ) কার্য-কারণাত্মক বাক্য ঘ) প্রশ্নবোধক বাক্য
- ১৪। নিচের কোন্ বানানটি ঠিক নয়?
- ক) প্রাঙ্গণ খ) সায়াহু
গ) পুণ্য ঘ) রসায়ণ
- ১৫। শুদ্ধ বানানটি নির্বাচন করো:
- ক) শিহরণ খ) দুরাবস্থা
গ) শূণ্য ঘ) পরিবহন
- ১৬। শুদ্ধ বানানটি নির্বাচন করো:
- ক) একাকীত্ব খ) কৃষিজীবী
গ) অব্যূঢ় ঘ) মহীরাহ
- ১৭। নিচের কোন্ বানানটি ঠিক নয়?
- ক) ব্যত্যয় খ) দুর্বিষহ
গ) পরিষেবা ঘ) পুঙ্করিণী

- ১৮। শুদ্ধ বানানটি নির্বাচন করো:
- ক) ঋণগ্রস্ত খ) পাণিণি
গ) দীধিতী ঘ) মুঢ়
- ১৯। সাক্ষাৎকার’ শব্দটিতে ‘কার’ শব্দের অর্থ-
- ক) যে করে খ) নির্মাতা
গ) রচয়িতা ঘ) উপরের সবকটি
- ২০। সাক্ষাৎকার নেওয়ার ক্ষেত্রে কোন্টি প্রযোজ্য নয়?
- ক) প্রশ্নের ধারা ও দৈর্ঘ্য হবে যথাসম্ভব ছোট।
খ) প্রশ্নের ভাষা হবে বিনয়ী, সংক্ষিপ্ত কিন্তু ধারালো।
গ) প্রশ্নের কৌশলে উদ্দিষ্ট লক্ষ্যের প্রকাশ ঘটতে হবে।
ঘ) ব্যক্তি বা ব্যক্তিত্ব সম্পর্কে সাক্ষাৎকারীর ধারণা ও জ্ঞান না থাকাই ভালো।
- ২১। সারাংশ’ শব্দটিতে ‘সার’ কথার অর্থ-
- ক) মূল অংশ খ) শ্রেষ্ঠ অংশ
গ) উৎকৃষ্ট অংশ ঘ) সংক্ষিপ্ত নিষ্কর্ষ
- ২২। সংক্ষিপ্ত আকারে প্রকাশিত কোনো ভাবকে সম্প্রসারণ করে তোলার নাম-
- ক) ভাব-সম্প্রসারণ খ) ভাব-সম্প্রসারণ ও ভাবার্থ
গ) সারাংশ ঘ) উপরের সবকটি
- ২৩। কোন্ সাহিত্য প্রকরণে সংলাপ আবশ্যিক-
- ক) উপন্যাস খ) নাটক
গ) প্রবন্ধ ঘ) ছোটগল্প

২৪। বক্তব্য দেওয়ার ক্ষেত্রে কোন্টি কাম্য নয় ?

- ক) সমবেত সুধীজনদের প্রতি যথাযথ সম্মান প্রদান করা।
- খ) বক্তব্য উপস্থাপনে শালীনতা রক্ষা করা।
- গ) যুক্তি, তথ্য ও তত্ত্বের গভীরতা দ্বারা বক্তব্যের মান ধরে রাখা।
- ঘ) অযথা আবেগ, উত্তেজনা প্রকাশ করা।

২৫। 'অবাস্তব কল্পনা' অর্থে যে বাগধারাটি ব্যবহৃত হয়-

- ক) আষাঢ়ে গল্প
- খ) আকাশ কুসুম
- গ) ডুমুরের ফুল
- ঘ) ব্যাঙের সর্দি
